# শিবচর উপজেলায় ষষ্ঠ উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের (৪র্থ) মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব পারভীন খানম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ২৭-০৫-২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | সকাল ১১.০০টায় |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর গত ২৮-০৪-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শিবচর, মাদারীপুর একটি ৫০ শয্যায় উন্নতিকরণের কাজ শেষ হয়েছে এবং হস্তান্তর প্রক্রিয়া শেষ হয়েছে। কিন্তু উহার প্রশাসনিক অনুমোদন হয়নি। বিধায় ৫০ শয্যার জনবল দিয়ে উক্ত ১০০ শয্যার কার্যক্রম চালিয়ে নিতে হচ্ছে। বর্তমানে অত্র হাসপাতালে চিকিৎসকের বড়ই সংকট॥ অত্র হাসপাতালে ১০জন বিশেষজ্ঞ চিকিৎসক এর বিপরীতে মাত্র ০২জন চিকিৎসক কর্মরত আছেন। অত্র হাসপাতালে গাইনী ও সার্জারী বিশেষজ্ঞ চিকিৎসক/সার্জন না থাকায় ওটির কার্যক্রম বন্ধ হয়ে আছে। অত্র হাসপাতালের ১১জন মেডিকেল অফিসার অনত্র সংযুক্তিতে বিভিন্ন হাসপাতালে কর্মরত আছেন।
৪র্থ শ্রেনীর কর্মচারীদের অভাবে হাসপাতালের পরিস্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা সঠিকভাবে দেখভাল করা সম্ভবপর হচ্ছে না। হাসপাতালের ০৪জন পরিচ্ছন্নতা কর্মীর বিপরীতে একজনও পরিচ্ছন্নাকর্মী বিদ্যমান নাই। ফলে এতো বড় স্বাস্থ্য কমপ্লেক্সের নিরাপত্তা রক্ষা করা সেই সাথে পরিস্কার-পরিচ্ছন্ন রাখা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। উপজেলা পরিষদ হতে ০২ (দুই) জন পরিচ্ছন্নকর্মী ও ০২ (দুই) জন নিরাপত্তা প্রহরী অত্র হাসপাতালে সরবরাহ করা হলে হাসপাতালের রক্ষনাবেক্ষন কিছুটা সহজতর হয়। এছাড়া তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, জনবল এবং চিকিৎসক পদায়নের করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, আসন্ন পবিত্র ঈদুল আজহা/২৫ উপলক্ষ্যে খামারীরা যেন গবাদিপশু হৃষ্টপুষ্ট করনে কোন ধরনের স্টেরয়েড ব্যবহার করা না হয় সে বিষয়ে নজরদারি চালানো হয়। এল.ডি.ডি.পি এবং নদী বিধৌত চারাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৫৪০ জন খামারী প্রশিক্ষন প্রদান করা হয়। ইহা ছাড়া চলতি মাসে কৃত্রিম প্রজনন-১৩৫২টি, টিকাপ্রদান(গবাদিপশু)-১০০০ মাত্রা, টিকাপ্রদান(হাস-মুরগি)-১০০০মাত্রা, গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৪৮০, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান-১৮০৩৯, পোষাপ্রাণির চিকিৎসা প্রদান -২২, ফ্রি ভেটেনারি মেডিকেল ক্যাম্প-০২, উঠান বৈঠক-০৬ পরিচালিত হয়। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান, ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রনোদনা ও কৃষি পূর্নবাসন কর্মসূচির আওতায় আম-৭৫০টি, নিম-২০০০টি, বেল-২০০০টি, জাম-২০০০টি, কাঠাল-২০০০টি, তাল-৪০০টি চারা বিনামূল্যে কৃষকদের মাঝে বিতরন করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF) প্রকল্পের** আওতায় **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্কীমের ৪৫ (পঁয়তাল্লিশ)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক গত ১৩-০৩-২০২৫ ইং তারিখে **(APP )** অনুমোদন পাওয়া যায়। সে মোতাবেক বিভিন্ন সময়ে দরপত্র বিজ্ঞপ্তি নং-০৬/২০২৪-২৫ নোটিশে **e-GP-** এর মাধ্যমে **১১ (এগার)টি স্কীমের ১১ (এগার)টি** প্যাকেজের **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** দরপত্র আহবান করা হয়। সে প্রেক্ষিতে, দাখিলকৃত দরপত্র সমূহে ঠিকাদারগণের দাখিলকৃত দর **৫% (শতকরা পাঁচ ভাগ)** নিম্নদরে দাখিল হওয়ায় গত ০৬-০৫-২০২৫ ইং তারিখে ১১ (এগার)টি প্যাকেজের **e-GP-** লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ **৩০'জুন** এর পর্বেই চুড়ান্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

| ক্রঃ নং | ঠিকাদারের নাম | কাজের নাম | চুক্তি মূল্য (টাকা) | গৃহীত দর |
|---|---|---|---|---|
| ১ | মেসার্স কাকলী এন্টারপ্রাইজ, মজিদবাড়ি, আমিরিয়া গোপালপুর, কালকিনি, মাদারীপুর | ৮ নং ওয়ার্ডের রত্তন হাওলাদারের বাড়ি হইতে রব হাওলাদারের বাড়ি পর্যন্ত রাস্তা আর সিসি করন।(চেইঃ ০.০০-৪৩০.০০মিঃ) (দ্বিতীয়খন্ড) | ১৫৭৬৪৮০.৩৫ | ৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্নদরে |
| ২ | মেসার্স রেজা কনষ্ট্রাকশন, মহেশেরচর, সদর, মাদারীপুর | ভান্ডারীকান্দি হাই স্কুল হতে ইউপি অফিস সড়কে (ক্ষতিগ্রস্থ সরু ব্রীজের পরিবর্তে) এইচবিবি রাস্তা এবং পাইপ কালভার্ট নির্মাণ কাজ। (ভান্ডারীকান্দি) | ৬৪৫৭৯১.৯৫ | -ঐ- |
| ৩ | মেসার্স জেরিন এন্টারপ্রাইজ, মিয়ার হাট, কালকিনি, মাদারীপুর | ৯ নং ওয়ার্ডের মোসলেম ভুইয়ার বাড়ির সামনে পাকা রাস্তা হতে লাল মিয়া ভুইয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। (ভান্ডারীকান্দি) | ৬৬৭৪৩৯.৬০ | -ঐ- |
| ৪ | নুসরাত জাহান আলিফা ট্রেডার্স, কালকিনি, মাদারীপুর | ২ নং ওয়ার্ডের জব্বার মেম্বারের বাড়ী হতে ভদ্রাসন বাজার সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন কাজ। (ভদ্রাসন) | ৯৪৯৩০২.৭০ | -ঐ- |
| ৫ | মোঃ আনোয়ার হোসেন মুন্সি, শিবচর, মাদারীপুর | ভদ্রাসন ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের উমেদালী মোল্লাকান্দি মোঃ ইউনুস মোল্লার বাড়ী হতে মোঃ ছামাদ রাড়ীর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজ। (ভদ্রাসন) | ৭৭৬৫৭৮.৪৫ | -ঐ- |
| ৬ | মেসার্স আনোয়ারা ট্রেডার্স, শিবচর, মাদারীপুর | ১ নং ওয়ার্ডের নজরুল মাদবরের বাড়ি থেকে আয়নাল দফাদারের বাড়ি পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। (ভদ্রাসন) | ১১৭৮৭৫৩.৩৫ | -ঐ- |
| ৭ | মেসার্স রেজা কনষ্ট্রাকশন, মহেশেরচর, সদর, মাদারীপুর | বন্দরখোলা ছয়লেন মন্টু কর্মকারের বাড়ি হতে পুরাতন বিশ্বরোড পর্যন্ত রাস্তায় আরসিসি করন। (সন্যাসীরচর) | ১৮১৪৫০০.০০ | -ঐ- |
| ৮ | মেসার্স ইব্রাহিম এন্ড সন্স, শিবচর, মাদারীপুর | সন্যাসিরচর ইউনিয়নে ৫ নং ওয়ার্ডের রাজারচর পাঁচু হাওলাদারকান্দি সাইদ খলিফার বাড়ী হতে মোহাম্মাদ মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি রাস্তা মেরামত কাজ। (সন্যাসীরচর) | ৪২১৪২০.০০ | -ঐ- |
| ৯ | মেসার্স মৃধা এন্টারপ্রাইজ, শিবচর, মাদারীপুর | ৫ নং ওয়ার্ডের ওহাব বেপারীর কান্দি ইব্রাহিম মল্লিকের বাড়ী হইতে সরকারী কবরস্থান হইয়া ইউছুফ বেপারীর বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সোলিং দ্বারা উন্নয়ন। (কাদিরপুর) | ৬৪৩৫৯৯.৩৫ | -ঐ- |
| ১০ | মেসার্স মোহাম্মাদ ফারুক মিয়া, কাঠালবাড়ী, শিবচর, মাদারীপুর | ৯ নং ওয়ার্ডের ফকির কান্দি ছালাম সরদারের বাড়ী হইতে মোসলেম মোড়লের বাড়ী পর্যন্ত ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজ। (কাদিরপুর) | ৯৯১৫১৫.০০ | -ঐ- |
| ১১ | মেসার্স সানা এন্টারপ্রাইজ, রফিক সুপার মার্কেট, সদর, মাদারীপুর | ৩ নং ওয়ার্ডের নূর-ই-মদিনা জামে মসজিদ হতে শফি মাদবর খাল পর্যন্ত ইটের সোলিং করণ। (কাদিরপুর) | ৮৮০২৭৫.৭০ | -ঐ- |

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)** এর আওতায় **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্কীমের ৪৫ (পঁয়তাল্লিশ)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক গত ১৩-০৩-২০২৫ ইং তারিখে **(APP )** অনুমোদন পাওয়া যায়। সে মোতাবেক **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)**-তে মোট **১১ (এগার)টি স্কীমের ১১ (এগার)টি** প্যাকেজের দরপত্র আহবান করা হয়। দাখিলকৃত দরপত্র সমূহে ঠিকাদারগণের দাখিলকৃত দর ৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্নদরে দাখিল হওয়ায় **e-GP-** লটারী অনুষ্ঠানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ **৩০'জুন** এর পূর্বেই চুড়ান্ত বিল পরিশোধের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী,

এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারকে চুড়ান্ত বিলের পাওনা চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের "উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ০৫/০৫/২০২৫ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ম-৫ম শ্রেণির লিখিত পরীক্ষা শুরু হয় এবং ১৬/০৫/২০২৫ তারিখে সম্পন্ন হয়। এছাড়াও তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর এর প্রতিনিধি জানান যে, মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুন্যপদের তথ্য সংগ্রহ করে শিক্ষক নিয়োগের জন্য তালিকা NTRCA-এ প্রেরণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর সর্ম্পকে কিছু জানা গেল না ।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে সকল প্রকার ভাতার অতিরিক্ত বরাদ্দের বাছাই প্রক্রিয়া শেষ হয়েছে। MIS এ চুড়ান্তভাবে এন্ট্রি সম্পন্ন হয়েছে। ঋণ কার্যক্রম এবং অন্যান্য সকল কার্যক্রমের অগ্রগতি শতভাগ । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঞ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, এপ্রিল/২০২৫ মাসে পরিবার পরিকল্পনা কাজের অগ্রগতি খাবার বড়ি ৬৮১জন, কনডম ১৩১২৫ জন, মোট সক্ষম দম্পতি ৫৭৯৮৪ জন, মোট গ্রহণকারী ৪৮৩১৩ জন ও সি এ আর ৮১.৪৪%। মা ও শিশু স্বাস্থ্য সেবার কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও শিবচর উপজেলায় এপ্রিল ২০২৫ মাসে ৬টি দীর্ঘমেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে ১২৯ জন ইমপ্লানন ক্লায়েন্টকে সেবা প্রদান করা হয়। তিনি বলেন, যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, সেখানে গর্ভবতী মায়েদের স্বাভাবিক প্রসব করাতে অনুরোধ জানান। তিনি গর্ভবতী মায়েদের বাড়ীতে প্রসব না করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বর্তমান সেচ মৌসুম চলছে। অল্প খরচে কৃষকগণ জমিতে সেচ প্রদানের জন্য সেচ ক্যাম্পে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করছে। সরকারি নীতিমালা অনুযায়ী সেচ লাইসেন্স ছাড়া কোন সেচ সংযোগ প্রদান করা যাবে না। তাই সেচ কমিটি কর্তৃক যথাযথ ভাবে সেচ এলাকা পরিদর্শনপূর্বক সেচ সংযোগের লাইসেন্স প্রদানের

জন্য অনুরোধ করেন। এছাড়া অনেক সরকারী/ বেসরকারী অফিসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তিনি সকলকে নির্ধারিত সময়ের মধ্যে বিল পরিশোধের জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ অর্থবছরে, এপ্রিল ২০২৫ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ১৫৯৩.৭০ লক্ষ টাকা, ঋণ আদায় হয়েছে ১৫৬৩.৭১ লক্ষ টাকা। ঋণ গ্রহিতা সদস্য-১৯৩২জন। মেয়াদোর্ত্তিন ঋণ ২২১.৭৭ লক্ষ টাকা। এছাড়া তার বিভাগের ঋণ কার্যক্রম সহ অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, চলতি ২০২৪-২৫অর্থ বছরে কাবিখা ও টি,আর ১ম,২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ের প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য প্রকল্পের (সেতু/কালভার্ট) কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

**সিদ্ধান্ত :** নির্ধারিত সময়সীমার মধ্যে সকলধাপ সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল ধরনের ত্রান কার্যক্রম ও উন্নয়ন কাজের মাস্টাররোল/বিল ভাউচার দাখিলের জন্যও অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।
০২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) শিবচর, মাদারীপুর।

**(ঢ) উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ও টিসিবি সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত : তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।**

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৫ সনে দরপত্র আহবানকৃত ১০০টি টুইনপিট ল্যাট্রিনের সাইট সিলেকশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, তার দপ্তরে ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১৪টি ব্যাচে ৪২০জন। এপ্রিল ২০২৫ পর্যন্ত অগ্রগতি ১০টি ব্যাচে ৩০০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়েছে। যুব ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলছে। ক্রমপুঞ্জিত যুব ঋণ আদায় হার ৯৯%। অন্যান্য কর্মসূচীর কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, সার্ভার সংক্রান্ত জটিলতার কারণে ২০২৫-২৬ চক্রের VWB আবেদনের প্রক্রিয়া শেষ হয়েছে। আবেদনকারীদের তথ্য যাচাই বাছাই প্রক্রিয়া চলমান আছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহের কাজ CAPI পদ্ধতিতে গত ১০-১২-২০২৪ তারিখ হতে ২৬-১২-২০২৪ পর্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বাস্তবায়নে :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বাস্তবায়নে :** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**সিদ্ধান্ত :** ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

**(র) উপজেলা আইসিটি অফিস :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে

এবং ইউপি চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে : :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

(ল) **উপজেলা পাট অফিস :** উপজেলা পাট অফিসার, শিবচর, মাদারীপুর জানান যে, অফিসিয়াল ভাবে বড় বড় চালের আড়ত এবং দপ্তর সংশ্লিষ্ট আইন অনুযায়ী যে সকল ব্যবস্যা প্রতিষ্ঠান রয়েছে তাদের মধ্যে বেশ কিছু দোকানে অফিসিয়ালি চিঠির মাধ্যমে এবং অন্যান্য কাগজপত্রসহ তাদের কে অবগত করা হয়েছে। সেগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

(ব) **উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ**উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

## বিবিধ আলোচনা ০১ ঃ "উপজেলা উন্নয়ন তহবিল (UDF) ঃ

(ক) সভায় উপজেলা প্রকৌশলী , এলজিইডি, শিবচর, মাদারীপুর জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)** এর আওতায় **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্কীমের ৪৫ (পঁয়তাল্লিশ)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক গত **১৩-০৩-২০২৫** ইং তারিখে **(APP )** অনুমোদন পাওয়া যায়। সে মোতাবেক বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন টেন্ডর নোটিশে **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** দরপত্র আহবান করা হয়। সে প্রেক্ষিতে, দাখিলকৃত দরপত্র সমূহে ঠিকাদারগণের দাখিলকৃত দর **৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্নদরে** দাখিল হওয়ায় গত ৩০-০৪-২০২৫ ইং তারিখে ১০ (দশ)টি প্যাকেজের **e-GP-** লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ ৩০'জুন এর পর্বেই চুড়ান্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

| ক্রঃ নং | ঠিকাদারের নাম | কাজের নাম | চুক্তি মূল্য (টাকা) | গৃহীত দর |
|---|---|---|---|---|
| ১ | মাটি এন্টারপ্রাইজ, কালকিনি, মাদারীপুর | ৪ নং ওয়ার্ডের সরোয়ার মাষ্টারের বাড়ির সীমানা থেকে মিন্টু ধরের বাড়ির নিকট রাস্তার অবশিষ্ট অংশ আরসিসি করণ। (শিরুয়াইল) | ৭৯১৫২৭.৬৫ | ৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্নদরে |
| ২ | মেসার্স দেলোয়ার কনষ্ট্রাকশন, শিবচর, মাদারীপুর | ০২ নং ওয়ার্ডের বাচামারা পাকা সড়ক হতে তোতা মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। (দত্তপাড়া) | ১৬৪০৫০৯.৪০ | -ঐ- |
| ৩ | মেসার্স কাকলী ট্রেডার্স, শিবচর, মাদারীপুর | ৪ নং ওয়ার্ডের আঃ মান্নান ফরাজীর বাড়ী হইতে ড. শাহাদাৎ হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তায় আরসিসি দ্বারা উন্নয়ন। (দত্তপাড়া) | ১৫০৩৫২৪.১৫ | -ঐ- |
| ৪ | মেসার্স মৃধা এন্টারপ্রাইজ, শিবচর, মাদারীপুর | ০৮ নং ওয়ার্ডের বেড়ী বাঁধ হইতে মিজান তালুকদারের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। (দত্তপাড়া) | ১১৩০৯৬৫.৫০ | -ঐ- |
| ৫ | মেসার্স কনিকা এন্টারপ্রাইজ, ৪ নং শকুনি, টি.বি. ক্লিনিক রোড, সদর, মাদারীপুর | পার্ট-১ : কাজীর সূরা বাজারে মাছ বাজারের শেড নির্মাণ কাজ, পার্ট-২ : কাজীর সূরা বাজারে মাছ বাজারের শেড এর আরসিসি ড্রেন নির্মাণ কাজ। (বন্দরখোলা) | ১১৫৯০০০.০০ | -ঐ- |
| ৬ | মোঃ শাকাওয়াত হোসেন খান, শিবচর, মাদারীপুর | ১ নং ওয়ার্ডের বর্ডার রকমান মোল্লার থেকে ভায়া সামাদ মাদবরের বাড়ি হয়ে হুমায়ন সরদারের বাড়ি পর্যন্ত ইটের সোলিংকরণ। (দৈর্ঘ্য ০.০০ - ৪৯০ মিঃ) (বন্দরখোলা) | ৯৫৪২৭৫.০০ | -ঐ- |
| ৭ | মেসার্স আর,আর, এল বিল্ডার্স, ফয়সাতলা, কালকিনি, মাদারীপুর | ৪ নং ওয়ার্ডের মালেক শিকদারের বাড়ি থেকে ভুলু শিকদারের মসজিদ পর্যন্ত ইটের সোলিংকরণ। (দৈর্ঘ্য ০.০০ -১৬৫.০০মিঃ) (বন্দরখোলা) | ৩২১৪৮০.০০ | -ঐ- |
| ৮ | মেসার্স আকন এন্টারপ্রাইজ, কুলপদ্দি, সদর, মাদারীপুর | ৪ নং ওয়ার্ডের ইয়াছিন মোল্লার বাড়ি থেকে মোতালেব মোল্লার বাড়ি পর্যন্ত ইটের সোলিংকরণ । (দৈর্ঘ্য ০.০০ -৪০০.০০মিঃ) (বন্দরখোলা) | ৭৭৯০০০.০০ | -ঐ- |
| ৯ | বুনিয়াদ কর্পোরেশন, শিবচর, মাদারীপুর | ৪ নং ওয়ার্ডের পাচচর মাছ বাজারের টোল ঘর নির্মানি। (মাদবরেরচর) | ১৩৫৯৪৫০.০০ | -ঐ- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মেসার্স তাফসীর এন্টারপ্রাইজ, কুলপদ্দি, সদর, মাদারীপুর | ৯ নং ওয়ার্ডের হীরা খার বাজার হইতে জেকে প্রাইমারি স্কুল হয়ে মজিদ সরকার স্কুল পর্যন্ত ইটের সলিং। (চরজানাজাত) | ২২৩৪৪০০.০০ | -ঐ- |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)** এর আওতায় **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)** মোট ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্কীমের ৪৫ (পঁয়তাল্লিশ)টি প্যাকেজের দরপত্র আহবান করার জন্য **(HOPE)** কর্তৃক গত **১৩-০৩-২০২৫** ইং তারিখে **(APP )** অনুমোদন পাওয়া যায়। সে মোতাবেক **e-GP-** এর মাধ্যমে **সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM)**-তে মোট **১০ (দশ)টি স্কীমের ১০ (দশ)টি** প্যাকেজের দরপত্র আহবান করা হয়। দাখিলকৃত দরপত্র সমূহে ঠিকাদারগণের দাখিলকৃত দর ৫% (শতকরা পাঁচ ভাগ) নিম্নদরে দাখিল হওয়ায় **e-GP-** লটারী অনুষ্ঠানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ কার্যাদেশ পত্র প্রদানসহ চুক্তি সম্পাদন করে প্রকল্পের কাজ সমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করতঃ **৩০'জুন** এর পূর্বেই চুড়ান্ত বিল পরিশোধের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর'কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত স্কীম সমূহের কাজ সমাপ্ত করতঃ ঠিকাদারকে চুড়ান্ত বিলের পাওনা চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)** এর খাত থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ বিদ্যুৎ/টেলিফোন বিল, উপজেলা পরিষদের পৌরকর, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদের বিদ্যুৎ/টেলিফোন বিল, উপজেলা পরিষদের পৌরকর, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে বিদ্যুৎ/টেলিফোন বিল, উপজেলা পরিষদের পৌরকর, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৪ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভাপতি বলেন যে, ঝাটকা ইলিশ ও অবৈধ ভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। তিনি সরকারী নীতিমালা/বিধি/ পরিপত্রের আলোকে কাজ করার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান। সভাপতি সততা ও নিষ্ঠার সাথে ইউপি চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান ও দপ্তরের বিভাগীয় প্রধানগণকে সমন্বয়ে করে কাজ করার জন্য উদাত্ত আহবান জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( পারভীন খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৪-২৫৪ তারিখঃ ২৭-৫-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রশাসক, মাদারীপুর।

৫। উপজেলা ............................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

৭। জনাব ............................................... শিবচর, মাদারীপুর।

৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।